**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 July 2026** **7:45 PM IST**

==========================================================================

১) কেন্দ্রীয় মন্ত্রীসভার , পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও দূর্নীতি রোধে কঠোরতম শাস্তি প্রদানের বিষয়টি নিশ্চিত করা এবং ফাষ্ট ট্র্যাক আদালত গঠনের জন্য একটি খসড়া বিলে অনুমোদন ।

২) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে তার পদত্যাগপত্র পেশ ।

৩) আপার আসামের বন্যা পরিস্থিতিতেখনও অপরিবর্তীত । ১২টি জেলার ৮শো ৫৬টি গ্রাম বন্যার জলে প্লাবিত ।

৪) বদরপুর - লামডিং হিল সেকশনের হারেঙ্গাজাও রেল ষ্টেশনের পার্শবর্তী স্থানের রেলওয়ে ট্র্যাকে মেরামতির জন্য ওই রুটে চলাচল করা বেশ কয়েকটি ট্রেনের আজ এবং আগামীকালের জন্য সময়সূচির পরিবর্তন , বাতিল এবং নিয়ন্ত্রণ ।

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা , পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও দূর্নীতি রোধে কঠোরতম শাস্তি প্রদানের বিষয়টি নিশ্চিত করা এবং ফাষ্ট ট্র্যাক আদালত গঠনের জন্য একটি খসড়া বিলে অনুমোদন জানিয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

পৌরহিত্যে সংসদ ভবণ প্রাঙ্গনে মন্ত্রীসভার এক বৈঠকে এই খসড়া বিলে অনুমোদন জানানো হয়েছে । আগামী সপ্তাহে এই বিলটি সংসদে পেশ করার সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বৃহস্পতিবার রাতে একটি ভি ডি ও বার্তায় জানিয়েছিলেন যে প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সংস্থান সম্বলিত একটি বিল খুব শীঘ্রই সংসদে উত্থাপন করা হবে । শ্রী মোদী গত বৃহস্পতিবার মধ্যরাতে তার ভি ডি ও-তে অভূতপূর্ব সাড়া দেওয়ার জন্য দেশের যুব সমাজকে ধন্যবাদ জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে তার ওই ভি ডি ও-তে সাড়া দিয়ে যুব সমাজ যেভাবে তার পরামর্শ অনুসরণ করেছে তাতে তিনি অভিভূত ।

এদিকে পরীক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সংস্কারের লক্ষ্যে ন্যাশনাল টেষ্টিং এজেন্সি ( এন টি এ ) ৪৭ জন আধিকারিককে তাদের পদ থেকে বরখাস্ত করেছে । এদের কয়েকজনের বিরুদ্ধে আইনি ও ফৌজদারী পদক্ষেপ নেওয়া হবে বলেও এন টি এ সূত্রে জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে তার পদত্যাগপত্র জমা দিয়েছেন । পরে সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী প্রধান গত ১০ দিনের অধিক সময় থেকে ছাত্র-ছাত্রীদের অব্যাহত প্রতিবাদে বিচলিত হয়ে এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন বলে উল্লেখ করেছেন । একই সঙ্গে তিনি নতুন দিল্লীর যন্তর মন্তর এবং সমগ্র দেশের পরিস্থিতি বিবেচনা করা ছাড়াও এই সময় যাতে দেশবিরোধী শক্তি মাথাচাড়া দিয়ে ওঠতে না পারে সেই বিষয়টিও বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েছেন বলে জানিয়েছেন । শ্রী প্রধান ছাত্রছাত্রীদের ভবিষ্যতের আইনী জটিলতার কথা চিন্তা করেও এই পদক্ষেপ গ্রহণ করেছেন বলে উল্লেখ করেন । উল্লেখ্য যে নীট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার পর কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের

দাবীতে বিভিন্ন সংগঠন গত ২০ দিনের অধিক সময় থেকে নতুন দিল্লীর যন্তর মন্তর এবং দেশের বিভিন্ন স্থানে প্রতিবাদ কার্যসূচি পালন করছে ।

................................................................................................

এদিকে , কেন্দ্রীয় সরকার সি জে পির দাবী সমূহ মেনে নেওয়ার আশ্বাস প্রদান করার পর সংগঠন দিল্লীর যন্তর-মন্তরে থেকে আন্দোলন কার্যসূচি প্রত্যাহার করে নিয়েছে । আজ নতুন দিল্লীতে কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা এবং ডক্টর জিতেন্দ্র সিং সি জে পির প্রতিনিধি দলের সঙ্গে আলোচনায় মিলিত হন । আলোচনার পর নতুন দিল্লীতে আয়োজিত একটি যৌথ সাংবাদিক সম্মেলনে মন্ত্রী নাড্ডা আন্দোলনে অংশ গ্রহণ করা প্রতিনিধিদের বিরুদ্ধে কোন ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং নতুনভাবে কোন এফ আই আর নথিভুক্ত করা হবে না বলে ঘোষণা করেন ।

................................................................................................

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এবছরের বিকশিত ভাইব্রান্ট ভিলেজ প্রোগ্রাম কর্মসূচির অংশগ্রহণকারিদের সঙ্গে মত বিনিময় করবেন । প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৪০০ জন তরুণ অংশগ্রহণকারীদের সঙ্গে প্রধানমন্ত্রীর মত বিনিময় করার কথা রয়েছে । গতমাসে দুটি পর্বে বিকশিত ভাইব্রান্ট ভিলেজ কুইজ প্রোগ্রাম অনুষ্ঠিত হয় । দেশের বিভিন্ন প্রান্তের ৩ লক্ষের অধিক যুবক যুবতী অন-লাইনে এই কুইজ প্রোগ্রামে অংশ গ্রহণ করেছিল ।

................................................................................................

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , আগামীকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন ।

এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১শো ৩৬তম পর্ব । আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে আগামীকাল বেলা ১১টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল অ্যাপ , আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ , প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ-টিউব চ্যানেল -এও অনুষ্ঠান শোনা যাবে । প্রধানমন্ত্রীর অনুষ্ঠান শেষ হওয়ার অব্যবহিত পরই আকাশবাণীর বিভিন্ন কেন্দ্র থেকে এই অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ সম্প্রচার করা হবে ।

---

আপার আসামের বন্যা পরিস্থিতি এখনো অপরিবর্তীত রয়েছে । বন্যা কবলিত অঞ্চলগুলির কোন কোন স্থানে জল কমতে শুরু করেছে তবে এখনো ১২ টি জেলার ৮৫৬ টি গ্রাম বন্যার জলে প্লাবিত রয়েছে ।বন্যার ফলে আপার আসামের শিবসাগর , চরাইদেও ,এবং যোরহাট জেলার সর্বাধিক ক্ষতি হয়েছে । এবারের বন্যায় ৭ লক্ষ ৫১ হাজারের ও বেশী লোক ক্ষতির সম্মুখীন হয়েছেন ।এদিকে বন্যার ফলে গতকাল আরও ১৪ জনের মৃত্যু হয়েছে । এরমধ্যে শিবসাগরের ৬ জন , চরাইদেওয়ের সাতজন এবং যোরহাটে একজনের মৃত্যু হয়েছে ।এ নিয়ে রাজ্যে এপর্যন্ত ৬১ জনের মৃত্যু হয়েছে ।আসাম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সূত্রে জানানো হয়েছে যে সামপ্রতিক বন্যায় ৫৬ হাজার ৬০৬ হেক্টরেরও বেশী কৃষিজমি প্লাবিত হয়েছে ।
এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রাজ্যের বন্যা পরিস্থিতি আজ সামান্য উন্নত হয়েছে বলে জানিয়েছেন ।বন্যা প্লাবিত অঞ্চলে ত্রাণ সামগ্রি পৌছেদিতে সেনা বাহিনীর সাহাজ্য নেওয়া হচ্ছে বলে তিনি

জানান ।এছাড়া বায়ুসেনার মাধ্যমেও উদ্ধার ও সাহায্য অভিযান অব্যাহত রয়েছে ।

....................................................................................................

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনযোগে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে রাজ্যের বন্যা পরিস্থিতি পর্যালোচনা করেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় মুখ্যমন্ত্রী জানিয়েছেন যে প্রধানমন্ত্রী ক্ষয়ক্ষতির পরিমান , ত্রান সামগ্রী সরবরাহ এবং মাঠ পর্যায়ে যেসব প্রত্যাহ্বান মোকাবিলা করা হচ্ছে তার বিস্তারিত তথ্য জানতে চেয়েছেন । মুখ্যমন্ত্রী জানিয়েছেন যে ত্রান , পুনরবাসন এবং পুনরগঠনের কাজে সহায়তা করার জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সব ধরণের সহায়তা প্রদান করা হবে বলে প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছেন । মুখ্যমন্ত্রী আরো বলেন যে এই কঠিন সময়ে প্রধানমন্ত্রীর আশ্বাস ও সমর্থনের জন্য আসামের জনগন তার প্রতি কৃতজ্ঞ থাকবেন ।

....................................................................................................

বদরপুর - লামডিং হিল সেকশনের হারেঙ্গাজাও রেল ষ্টেশনের পার্শবর্তী স্থানের ১ এবং দুই নম্বর রেলওয়ে ট্র্যাকে মেরামতির জন্য ওই রুটে চলাচল করা বেশ কয়েকটি ট্রেনর আজ এবং আগামীকালের জন্য সময়সূচির পরিবর্তন , বাতিল এবং নিয়ন্ত্রণ করা হয়েছে ।

এর পরিপ্রেক্ষিতে শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেনটি আজকের জন্য এবং গৌহাটি - শিলচর এক্সপ্রেস ট্রেনটি আগামীকালের জন্য বাতিল করা হয়েছে । অনুরূপভাবে , গৌহাটি - দুল্লভছড়া এক্সপ্রেস ট্রেন আজকের জন্য এবং দুল্লভছড়া - গৌহাটি ট্রেনটি আগামীকালের জন্য বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারাঙ্গি-আগরতলা , আগরতলা-নারাঙ্গি , গৌহাটি-সাইরাং , সাইরাং-গৌহাটি , আগরতলা-দাওঘর, রঙ্গিয়া-শিলচর , শিলচর-রঙ্গিয়া ,

এবং আগরতলা-রাণী কমলাপতি ট্রনগুলির যাত্রার সময়সূচির পরিবর্তন করা হয়েছে ।

অন্যদিকে এস এম ভি টি বেঙ্গালুরু-আগরতলা ট্রেনটির যাত্রা নিয়ন্ত্রণ করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জল কিশোর শর্মা এক প্রস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ।

---

উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের যুগ্ম সচিব অংশুমান দে'র উপস্থিতিতে তথা কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ে বরাক নদী অববাহিকার দীর্ঘমেয়াদি সংরক্ষণ , পুনরুদ্ধার এবং টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে নদী সংরক্ষণে সমন্বিত পরিকল্পনা গ্রহণ , পরিবেশের ভারসাম্য রক্ষা এবং নদীতীরবর্তী মানুষের জীবিকা সুরক্ষার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে । সভায় বরাক নদী অববাহিকার সংরক্ষণ ও পুনরুদ্ধার সংক্রান্ত প্রস্তাবিত প্রকল্পের ওপর আলোচনা করা হয় ।আলোচনায় নদীতীরের ক্ষয় রোধ করা , বৃহৎ পরিসরে বনায়ন , মাটির সংরক্ষণ জলাভূমি রক্ষা , বন্যা প্রশমন ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে ।বৈঠকে গবেষণা পর্যবেক্ষণ এবং কারিগরি সহায়তার ক্ষেত্রে শিলচর এন আই টি , আসাম বিশ্ববিদ্যালয় ও অন্যান্য জ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানের সক্রিয় ভূমিকার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।বৈঠকে জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা সহ জেলা উন্নয়ন আয়ুক্ত , অতিরিক্ত আয়ুক্ত , অতিরিক্ত পুলিশ সুপার সহ বিভিন্ন বিভাগের আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

---

ফোরাম অফ সিভিল পেনশনার্স এসোসিয়েশনের শিলচর শাখা কমিটি গঠন করা হয়েছে । আজ মধ্যশহর সাংস্কৃতিক সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত যৌথ কনভেনশনে সমীরন ভট্টাচার্যকে সভাপতি এবং সুজিত চৌধুরীকে সম্পাদক মনোনীত করে ১৭ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে । ৬ টি উদ্যোক্ত পেনশনার্স সংগঠনের প্রতিনিধিদের সম্মতিতে গঠিত এই শাখা ২০২৫ সালে কেন্দ্রীয় সরকারের প্রণয়ন করা ভেলিডেশন এ্যক্ট অফ সিসিএস পেনশন রুলস ১৯৭২ কে পেনশনারদের স্বার্থ বিরোধী বলে অভিযোগ করে তা বাতিল করার দাবী জানিয়েছে ।

---

শ্রীভূমি জেলায়ো জনগণনা ২০২৭ এর প্রথম পর্যায়ে গৃহ গণনার কাজ আরম্ভ করা হবে ।এতে নাগরিকরা ঘরে বসে নিজেদের পারিবারিক তথ্য অনলাইনে জমা দিতে পারবেন ।গণনাকারীদের বাসড়ি বাড়ি পরিদর্শনের পূর্বে ১৫ দিন অর্থাৎ দোসরা আগষ্ট থেকে ১৬ ই আগষ্ট সেলফ এনুমারেশন পোর্টেল জনসাধারণের জন্য খোলা থাকবে বলে জেলা আয়ুক্ত তথা জেলার মুখ্য সেন্সাস আধিকারীক জানিয়েছেন ।অনলাইনে এই প্রক্রিয়া সম্পন্ন করতে ১৫ থেকে ২০ মিনিট সময় লাগবে ।

---

হাইলাকান্দি জেলার প্রত্যন্ত অঞ্চলের জন্মগত হৃদরোগে আক্রান্ত দুই শিশু সম্পূর্ণ বিনামূল্যে উন্নত চিকিৎসা লাভ করেছে । কেন্দ্র সরকারের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কর্মসূচীর উদ্যোগে তাদের রোগ শনাক্তকরণ সহ অস্ত্রোপচার , পরবর্তী চিকিৎসা ইত্যাদি বিনামূল্যে সম্পন্ন করা হয়েছে ।শিশুদুটির সফল অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে এবং ধীরে ধীরে তারা স্বাভাবিক জীবনে ফিরে আসছে ।